অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পাঁচ বা তার বেশি বয়সী শিশুদের মধ্যে টিকার হার বৃদ্ধি করতে #VAXFORKIDS ক্যাম্পেইন ঘোষণা করলেন

নতুন কর্মসূচি শিশুরোগ বিশেষজ্ঞ, পিতামাতা, এবং অভিভাবকদেরকে পাঁচ বা তার বেশি বয়সী শিশুদের টিকা গ্রহণ নিশ্চিত করতে এবং সকল সুপারিশকৃত টিকা ডোজ হালনাগাদ রাখতে তাগিদ প্রদান করছে

পিতামাতা ও অভিভাবকদের কাছে বার্তা পৌঁছে দিতে করা বহুমুখী প্রচারণা প্রচেষ্টার মধ্যে টেলিভিশন এবং ডিজিটাল মিডিয়া অন্তর্ভুক্ত

12 বা তার বেশি বয়সী কিশোরদের জন্য বুস্টার ডোজ যোগ্যতা অনুসরণ করা হয় এবং বিশেষ ইমিউনোকম্প্রোমাইজিং অবস্থাসহ 5 - 11 বয়সী শিশুদের জন্য অতিরিক্ত ডোজ যোগ্যতা অনুসরণ করা হয়

নিউ ইয়র্কের পিতামাতা ও অভিভাবকেরা আরো জানতে পারবে এবং তাদের শিশুদের বিনামূল্যে টিকার জন্য আজকে সময় নির্ধারণ করতে পারবে: ny.gov/VaxForKids

গভর্নর ক্যাথি হোকল পাঁচ বা তার বেশি বয়সী শিশুদের মধ্যে টিকার হার বৃদ্ধি করতে একটি নতুন ক্যাম্পেইন ঘোষণা করলেন - এবং শিশুরোগ বিশেষজ্ঞ, পিতামাতা, এবং অভিভাবকদেরকে শিশুদের টিকা গ্রহণে সাহায্য করতে এবং সকল সুপারিশকৃত কোভিড-19 টিকা ডোজ হালনাগাদ রাখতে তাগিদ প্রদান করেছেন।

"আমাদের শিশুদের জন্য সেরা সুরক্ষা হলো তাদের টিকা গ্রহণ নিশ্চিত করা এবং সকল সুপারিশকৃত টিকা ডোজের ব্যাপারে হালনাগাদ থাকা," **গভর্নর হোকল বলেন।** "যেহেতু কোভিড-19 বিস্তার অব্যাহত রয়েছে, আমাদের শিশুদের জন্য সেরা বর্ম হবে টিকা। এটি নিরাপদ, কার্যকর, বিনামূল্যে, এবং নিউ ইয়র্কের প্রায় অর্ধ মিলিয়ন 5-11 বছর বয়সী শিশু ইতিমধ্যে তাদের প্রথম ডোজ টিকা গ্রহণ করেছে। #VaxForKids ক্যাম্পেইন দিয়ে, আমরা আরো বেশি পিতামাতা ও অভিভাবকের কাছে এই অতি গুরুত্বপূর্ণ বার্তা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা দ্বিগুণ করছি।"

বহুমুখী #VaxForKids প্রচেষ্টার মধ্যে রয়েছে ইংরেজি ও স্প্যানিশ ভাষায় পিতামাতা ও অভিভাবকের কাছে বার্তা পৌঁছে দেওয়ার জন্য নতুন প্রচারণা প্রচেষ্টা। এর মধ্যে রয়েছে

টেলিভিশন, রেডিও, এবং সার্চ ও স্ট্রিমিংসহ ডিজিটাল মাধ্যম বিজ্ঞাপন। কর্মসূচির অংশ হিসেবে, স্টেটব্যাপী স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেটের একটি নতুন জন পরিষেবার ঘোষণা (Public Service Announcement, PSA) থাকবে, উদ্দেশ্য হবে 5 - 11 বছর বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদের কাছে বার্তা পৌঁছানো। আগামী সপ্তাহগুলিতে আরো PSA শুরু করা হবে।

স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "ওমিক্রন ভ্যারিয়েন্টের আগমনের পর থেকে, শিশুদের মধ্যে কোভিড-19 আক্রান্তের সংখ্যা এবং এমনকি হাসপাতালে ভর্তির সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। শিশুরোগ বিশেষজ্ঞ, পিতামাতা, এবং অভিভাবকদের জন্য পাঁচ বা তার বেশি বয়সী শিশুদের টিকা গ্রহণ নিশ্চিত করা এবং সকল সুপারিশকৃত ডোজ হালনাগাদ রাখা এখন আগের যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। অনেক দশক ধরেই টিকা শিশু স্বাস্থ্যসেবার মেরুদণ্ড, এগুলি আমাদের সন্তানদের অগণিত রোগ থেকে রক্ষা করছে। কোভিড-19 টিকাও এর ব্যতিক্রম নয়। আমি নিউ ইয়র্কবাসীকে তাগিদ প্রদান করছি তাদের শিশুদের সম্পূর্ণ টিকা গ্রহণ নিশ্চিত করার জন্য, এবং তারা উপযুক্ত হলে তাদের তৃতীয় ডোজ প্রদান করার জন্য, যাতে করে তারা ভাইরাসের বিরুদ্ধে অর্থপূর্ণ ও অব্যাহত সুরক্ষা পেতে পারে।"

এখন পর্যন্ত, 1.5 মিলিয়নের বেশি 5 - 17 বছর বয়সী শিশু কোভিড-19 টিকা গ্রহণ করেছে। 10 জানুয়ারি, 2022 পর্যন্ত, 32.2 শতাংশ 5 - 11 বছর বয়সী শিশু এবং 73.4 শতাংশ 12 - 17 বছর বয়সী কিশোর অন্তত এক ডোজ কোভিড-19 টিকা গ্রহণ করেছে এবং 21.6 শতাংশ 5 - 11 বছর বয়সী শিশু এবং 65.4 শতাংশ 12 - 17 বছর বয়সী কিশোর তাদের প্রাথমিক টিকা সিরিজ সম্পন্ন করেছে।

যোগাযোগ কর্মসূচির পাশাপাশি, স্টেটব্যাপী সম্প্রদায়সমূহে পাঁচ বা তার বেশি বয়সী শিশুদের প্রথম ও দ্বিতীয় ডোজ টিকা প্রদানের জন্য এবং একই সাথে উপযুক্ত শিশু ও কিশোরদের বুস্টার ও অতিরিক্ত ডোজ প্রদানের জন্য নতুন #VaxForKids পপ-আপ সাইট স্থাপন করা হবে। অবস্থান এবং তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে। ইতিমধ্যে, স্টেট একটি নিবেদিত হাব স্থাপন করেছে যাতে করে পিতামাতা ও অভিভাবকেরা টিকা ও শিশুদের জন্য বিশেষ তথ্য, সংস্থান এবং বহু জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর পেতে পারে। হেলথ ডিপার্টমেন্ট (Department of Health) স্টেটের প্রতিটি অঞ্চলজুড়ে মাঠ পর্যায়ের শিশু সেবা প্রদানকারীদের সাথে সক্রিয় যোগাযোগ রেখেছে এবং তাদের নির্দেশনা দিয়ে যাচ্ছে।

পাঁচ বা তার বেশি বয়সী শিশুরা ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকার পাওয়ার যোগ্য। 7 জানুয়ারি, 2022 পর্যন্ত, 12 বা তার বেশি বয়সী কিশোররা তাদের প্রাথমিক টিকা সিরিজ শেষ করার কমপক্ষে পাঁচ মাস পর ফাইজার-বায়োএনটেক টিকার বুস্টার ডোজ পাওয়ার যোগ্য। পাশাপাশি, বিশেষ ইমিউনোকম্প্রোমাইজিং অবস্থাসহ 5 - 11 বছর বয়সী শিশুরা এখন তাদের প্রাথমিক টিকা সিরিজ শেষ করার কমপক্ষে 28 দিন পর ফাইজার-বায়োএনটেক টিকার অতিরিক্ত ডোজ পাওয়ার যোগ্য। শিশুসেবা প্রদানকারী, পিতামাতা, এবং অভিভাবকদের শিশু ও কিশোরদের কোভিড-19 এর ব্যাপারে বিশ্বাসযোগ্য তথ্য ও সংস্থানের জন্য ny.gov/VaxForKids, ny.gov/Boosters, এবং ny.gov/GetTheVaxFacts ভিজিট করতে উৎসাহিত করা হচ্ছে।

কোভিড-19 টিকা বিনামূল্যে স্টেটে ব্যাপকভাবে পাওয়া যাচ্ছে, এর মধ্যে শিশুদের টিকা প্রদানের জন্য 2,000 স্থান। স্টেটের সকল গণ টিকা কেন্দ্রে পাঁচ বা তার বেশি বয়সী শিশুদের ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা, 12 বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীর জন্য বুস্টার ডোজ, এবং পাঁচ বা তার বেশি বয়সী ইমিউনোকম্প্রোমাইজড শিশুদের অতিরিক্ত ডোজ প্রদান করছে। পিতামাতা ও অভিভাবকেরা কাছের অবস্থান খোঁজার জন্য vaccines.gov ভিজিট করতে পারবে, 438829 নম্বরে তাদের জিপ কোড টেক্সট করতে পারবে, বা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারবে। এছাড়াও নিউ ইয়র্কবাসীদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেল যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র বা এই বয়সের শিশুদের টিকাদানকারী ফার্মেসির সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন